

## **া** পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ১৭. ১১. नाती, वाध्य थाक, চুপ थाक, कथा वाला ना

বাইবেল বলছে যে, ভাল নারী হওয়ার শর্ত নীরব থাকা। পারিবারিক বা সামাজিক কোনো ক্ষেত্রেই কথা বলা যাবে না; তবেই ভাল নারী বলে গণ্য হওয়া যাবে: "নীরব নারী, এ প্রভুরই দান, মার্জিতা চরিত্রের মূল্যে কোন দাম মেটে না। বিনয়িনী প্রাণের মূল্য গণনার অতীত।" (জুবিলী বাইবেল: বেন-সিরা ২৬/১৪-১৫)

"আল্লাহর বান্দাদের সব জামাতে যেমন হয়ে থাকে, সেভাবে স্ত্রীলোকেরা জামাতে (churches) চুপ করে থাকুক, কারণ কথা বলবার অনুমতি তাদের দেওয়া হয় নি। তৌরাত শরীফ যেমন বলে. তেমনি তারা বরং বাধ্য হয়ে থাকুক। যদি তারা কিছু জানতে চায় তবে বাড়ীতে তাদের স্বামীকে জিজ্ঞাসা করুক, কারণ জামাতে কথা বলা একজন স্ত্রীলোকের পক্ষে লজ্জার বিষয়।" (১ করিন্থীয় ১৪/৩৪-৩৫)

পুনশ্চ বাইবেল বিষয়টা নিশ্চিত করে বলছে: "কথা না বলে এবং সম্পূর্ণরূপে বাধ্য থেকে স্ত্রীলোকেরা শিক্ষালাভ করুক।" (১ তীমথিয় ২/১১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14463

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন